সমকাল

তারিখ ... 05 FEB 2018 ...
পৃষ্ঠা ... ১৯ ... কলাম ... ৩ ......

কোচিং বাণিজ্য

# ৭২ স্কুলশিক্ষককে মাউশির কারণ দর্শাও নোটিশ

■ সমকাল প্রতিবেদক

বেপরোয়া কোচিং বাণিজ্যে জড়িত থাকায় রাজধানীর চার বেসরকারি স্কুলের ৭২ শিক্ষককে কারণ দর্শাও নোটিশ দিয়েছে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি)। গতকাল রোববার অভিযুক্ত শিক্ষকদের ১০ দিনের মধ্যে কারণ দর্শানো নোটিশের উপযুক্ত জবাব দিতে বলা হয়েছে।

গত সপ্তাহে ২৫ জন সরকারি স্কুল শিক্ষককে একই কারণে ঢাকার বাইরে বদলি করে শিক্ষা মন্ত্রণালয়। গতকাল বেসরকারি স্কুলের শিক্ষকদের শোকজ করা হলো।

দুর্নীতি দমন কমিশনের (দুদক) অনুসন্ধান ও সুপারিশের ভিত্তিতে এই শিক্ষকদের কারণ দর্শাতে বলেছে সরকার। কোচিং বাণিজ্য বন্ধ নীতিমালা-২০১২-এর বিধান লঙ্ঘন করায় মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর ওই শিক্ষকদের নোটিশ দিল।

রাজধানীর আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের ৩৬, মতিঝিল মডেল স্কুল অ্যান্ড কলেজের ২৪, ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজের সাত এবং রাজউক উত্তরা মডেল স্কুল অ্যান্ড কলেজের পাঁচজন শিক্ষককে কারণ দর্শাতে বলা হয়েছে।

দুর্নীতি দমন কমিশনের অনুসন্ধান টিম ঢাকা মহানগরীর স্কুল-কলেজের কোচিং বাণিজ্যের সঙ্গে জড়িত শিক্ষকদের বিরুদ্ধে অনুসন্ধানে এ চার প্রতিষ্ঠানের শিক্ষকদের জড়িত থাকার প্রমাণ পায়। তাদের বিরুদ্ধে দুদক, মন্ত্রিপরিষদ বিভাগ এবং শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ থেকে আইনানুগ ব্যবস্থা নেওয়ার নির্দেশনা দেয়। ■ পৃষ্ঠা ১৫ : কলাম ৩

## ৭২ স্কুল শিক্ষককে

[১৯ পৃষ্ঠার পর]

কোচিং বাণিজ্যে জড়িত থাকায় দুদকের সুপারিশে গত ২ ফেব্রুয়ারি মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের ১২, মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের তিন, সরকারি ল্যাবরেটরি হাই স্কুলের আট এবং নিউ গভর্নমেন্ট হাই স্কুল ও খিলগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়ের একজন করে শিক্ষককে বদলির আদেশ দেওয়া হয়।

সম্প্রতি রাজধানীর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে থেকে কোচিং বাণিজ্যের মাধ্যমে অর্থ উপার্জনের অভিযোগে আট শিক্ষা প্রতিষ্ঠানের ৯৭ শিক্ষকের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার সুপারিশ করে দুদক।